আলমডাঙ্গায় চোরাই মালামালসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযানে চোরাই স্বর্ণালঙ্কার, রুপার গহনা, মোবাইল ফোন ও নগদ টাকাসহ একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার নওদা দুর্গাপুর গ্রামের মৃত ইউসুফ আলীর ছেলে রবিউল ইসলামের বসতবাড়িতে লোকজনের অনুপস্থিতিতে গত ২৬ এপ্রিল দুপুর ১টার দিকে চুরির ঘটনা ঘটে।

পরে জানা যায়, কুমারী গ্রামের রফিকুল ইসলামের ছেলে হাসান আলী দুপুর ১টা থেকে ১টা ২০ মিনিটের মধ্যে নির্জন বাড়িতে প্রবেশ করে আলমারির তালা ভেঙে স্বর্ণ ও রুপার অলঙ্কারসহ বিভিন্ন মালামাল চুরি করে। চুরি করে পালানোর সময় স্থানীয় জনতা তাকে হাতেনাতে আটক করে।

আটক ব্যক্তির কাছ থেকে উদ্ধার করা হয়েছে এক জোড়া স্বর্ণের বালা (প্রায় ৪ আনা, আনুমানিক মূল্য ৬০ হাজার টাকা), এক জোড়া রুপার বালা (প্রায় ২ ভরি, মূল্য ৭ হাজার টাকা), একটি নাকফুল ও নথ (প্রায় ১ আনা ১ রতি, মূল্য ৫ হাজার টাকা), একটি পুরাতন বাটন মোবাইল ফোন (মূল্য ৬০০ টাকা) এবং নগদ ৯ হাজার ৪১৫ টাকা।

খবর পেয়ে এসআই (নিরস্ত্র) মো. মেহেদী হাসান তাৎক্ষণিক ঘটনাস্থলে গিয়ে আটক ব্যক্তিকে পুলিশ হেফাজতে নেন এবং উদ্ধারকৃত মালামাল জব্দ করেন।

এ ঘটনায় ভুক্তভোগীর লিখিত অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা থানায় মামলা (নং-৩২, তারিখ: ২৬/০৪/২০২৬) দায়ের করা হয়েছে। ধৃত আসামিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে পুলিশের অভিযানে গাঁজার গাছসহ আটক ১

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের দক্ষিণপাড়ায় গাঁজার গাছসহ বুলবুল আহমেদ (৩৫) নামের এক ব্যক্তিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। তিনি মৃত মোনাজাত আলীর ছেলে।

বুধবার ভোররাতে গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমানের নেতৃত্বে থানার তদন্ত কর্মকর্তা জাকির হোসেন, এসআই মেজবাউল হকসহ সঙ্গীয় ফোর্স বুলবুলের বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ির পেছনে টয়লেটের পাশ থেকে ৩টি গাঁজার গাছ উদ্ধার করা হয়।

প্রতিটি গাঁজার গাছের উচ্চতা ছিল প্রায় ১১ ফুট এবং মোট ওজন (কাঁচা) প্রায় ১৮ কেজি। উদ্ধারকৃত গাঁজার বাজারমূল্য আনুমানিক ১ লক্ষ টাকা বলে জানিয়েছে পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা অভিযান পরিচালনা করি এবং বুলবুলকে আটক করি। তার স্বীকারোক্তি অনুযায়ী গাঁজার গাছগুলো উদ্ধার করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

চুয়াডাঙ্গায় ২২৩ বোতল রেক্টিফাইট স্পিরিটসহ একজন আটক

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ২২৩ বোতল রেক্টিফাইট স্পিরিট সহ যুগিরহুদার সোহেল (৪৫) কে আটক করেছে।

জানাযায়,গতকাল রবিবার বিকালে দামুড়হুদা মহাসড়ক থেকে ২২৩ বোতল রেক্টিফাইট স্পিরিটসহ তাকে আটক করে।এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ দাম একটি মামলা দায়ের করেছে। গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট

হাজতে সোপর্দ করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ।

চুয়াডাঙ্গায় সেনাবাহিনীর অভিযানে বিদেশী পিস্তল, গুলিসহ আটক-১

চুয়াডাঙ্গা দামুড়হুদায় সেনাবাহিনী অভিযান চালিয়ে অস্ত্র ও গুলিসহ একজনকে আটক করেছে। দেশের বর্তমান প্রেক্ষাপটে জননিরাপত্তা নিশ্চিতকরণ, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং আইন-বহির্ভূত কর্মকাণ্ড প্রতিরোধে বাংলাদেশ সেনাবাহিনী পেশাদারিত্ব ও নিরপেক্ষতার সাথে দায়িত্ব পালন করে যাচ্ছে।

এরই ধারাবাহিকতায় আজ (৩১ জুলাই) বৃহস্পতিবার ভোর আনুমানিক সাড়ে ৪ টার সময় চুয়াডাঙ্গা দামুড়হুদা এলাকায় চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্প হতে একটি অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দশমী ব্রিজপাড়া শীর্ষ সন্ত্রাসী মোঃ সাইদুর রহমানকে (৩৮) গ্রেফতার করা হয়।

এছাড়াও ঘটনাস্থল তল্লাশি চালিয়ে ০১ টি বিদেশী পিস্তল,২টি ম্যাগাজিন ১৫ রাউন্ড গুলি, ২টি বাটন ফোন উদ্ধার করা হয় । প্রয়োজনীয় তল্লাশী শেষে প্রাপ্ত অবৈধ অস্ত্র, গুলি, সহ গ্রেফতারকৃত সন্ত্রাসীকে দামুড়হুদা থানায় পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

আইন-শৃঙ্খলা বজায় রাখতে এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ সেনাবাহিনীর এ ধরনের অভিযান ভবিষ্যতেও চলমান থাকবে বলে জানান দায়িত্বরত সেনা ক্যাম্পের কর্মকর্তা । তাছাড়া যেকোন ধরনের অপরাধমূলক কার্যক্রমের তথ্য নিকটস্থ সেনা ক্যাম্প অথবা আইনশৃংখলা বাহিনীকে অবহিত করার জন্য সর্বসাধারণকে অনুরোধ জানান তিনি।

মেহেরপুরে ফেন্সিডিলসহ আটক ১

মেহেরপুরে ২৫ বোতল ফেন্সিডিলসহ আব্দুল আউয়াল (৬০) নামের এক মাদক কারবারীকে আটক করেছে জেলা ডিবি পুলিশ।

আজ মঙ্গলবার (২৬ নভেম্বর) সকালে তাকে আটক করে। আটককৃত আব্দুল আউয়াল মেহেরপুর সদর উপজেলার কালী গাংনী গ্রামের কলোনি পাড়ার মৃত নিয়ামত শেখের ছেলে।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি মেজবাউদ্দিন জানান, মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের বারাদি কলেজের রাস্তা সংলগ্ন যাত্রী ছাউনি এলাকায় মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে জেলা ডিবি পুলিশের এসআই উত্তম কুমারের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ২৫ বোতল ফেন্সিডিলসহ আব্দুল আউয়ালকে আটক করে। আটককৃত আব্দুল আউয়াল এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন রয়েছে।

গাংনীতে চার কেজি গাঁজাসহ আটক ১

মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪ কেজি গাঁজা সহ একজনকে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্পের সদস্যরা।

আজ বৃহস্পতিবার (০৭ নভেম্বর) সন্ধ্যা ৬ টার দিকে ধাওয়া করে দেবীপুর বাজারে সিএনজিসহ আটক হন একজন মাদক কারবারি। আটককৃত সিএনজি চালক মিলন শাহা গাংনী উপজেলার রামনগর গ্রামের ফজলু শাহ-র ছেলে।

গাংনীর বামন্দী পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক আবুল কালাম আজাদ জানিয়েছেন, মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর বাজারে সহকারী উপপরিদর্শক দেবদাস কুমারসহ সঙ্গীয় সদস্যদের নিয়ে চেকপোষ্ট বাসিয়ে সড়কে চলাচলকৃত গাড়ি তল্লাশী করছিল। ঐসময় একটি সিএনজি পুলিশের চেকপোষ্ট অমান্য করে দ্রুত গতিতে চলে আসে। পুলিশ সদস্যরাও বাইক নিয়ে ধাওয়া করে সিএনজিটিকে। বামন্দী বাজারে এসে সিএনজির একটি চাকা পাংছার হলে গাড়িতে থাকা আর একজন পালিয়ে যায়। তখন পুলিশ সদস্যরা গাড়িটি আটকে ফেলে সিএনজির ভিতরে কালো পলিথিনে মোড়ানো তিনটি প্যাকেট থেকে ৪ কেজি গাজা উদ্ধার করে।

আগামীকাল শুক্রবার আটককৃতের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা শেষে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরন করা হবে।

মুজিবনগরে ভারতীয় ১১ কেজি গাঁজাসহ আটক-১

মেহেরপুরের মুজিবনগরে ১১ কেজি ভারতীয় গাঁজাসহ দীপক (২৬) নামের এক গাঁজা ব্যবসায়ীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)।

আজ শুক্রবার (১৮ অক্টোবর) সন্ধ্যায় মুজিবনর উপজেলার বল্লভপুর গ্রামে গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করেন।

চুয়াডাঙ্গা ৬ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) মুজিবনগরের আনন্দবাস বিওপি কমান্ডার হাবিলদার রফিকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ এই অভিযান পরিচালনা করেন।

মাদক ব্যবসায়ী দীপক মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের উজ্জল হোসেনের ছেলে।

আনন্দবাস বিওপি কমান্ডার হাবিলদার রফিক জানান, গাঁজার একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে বল্লভপুর গ্রামে অভিযান চালানো হয়। বিজিবির উপস্থিতি টের পেয়ে একজন পালিয়ে গেলেও ১১ কেজি গাঁজাসহ দীপক আটক হন। এঘটনায় পলাতক রয়েছেন একই গ্রামের পিন্টু হোসেনের ছেলে রাজু আহমেদ (৩২)। তাকেও আটকের চেষ্টা চলছে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আটক দীপককে মুজিবনগর থানা পুলিশে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক ১

মেহেরপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ২৭ পিচ হেরোইনসহ একজনকে আটক করা হয়।

আজ শনিবার (১৩ জুলাই) রাত ৯ টার দিকে এক মাদক বিরোধী অভিযান চালিয়ে মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর রাজধানীপাড়াস্থ মো: আকাশ স্টোরের সামনে থেকে এস এম আব্দুল ওয়াহাব রিপন (৩৩) কে আটক করা হয়েছে।

আটককৃত এস এম আব্দুল ওয়াহাব রিপন মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ড পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ার মৃত আব্দুল কুদ্দুসের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানায়, মেহেরপুরের হরিরামপুরে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে এস এম আব্দুল ওয়াহাব রিপরে দেহ তল্লাশী করে তার পরিহিত টাউজারের ডান পাশের পকেটে একটি ডারবি সিগারেটের প্যাকেটের ভিতর পলিথিন প্যাকেটের মধ্যে মোড়ানো ছোট বড় পুরিয়াসহ ২৭ (সাতাশ) টি হেরোইন পাওয়া যায়। যার ওজন-০৩ (তিন) গ্রাম ও উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক বাজার মূল্য-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

পরে মেহেরপুর সদর থানায় আটককৃতর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর করা হয়েছে।

মুজিবনগরে বিজিবির অভিযানে আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আটক ১

মুজিবনগরের সীমান্তবর্তি সোনাপুর গ্রাম থেকে একটি বিদেশী পিস্তুল ও ২ রাউন্ড গুলি ও এক বোতল বিদেশী মদসহ আশরাফুল ইসলাম
(৪০) নামে একজনকে আটক করেছে চুয়াডাঙ্গা ৬ বর্ডারগার্ড (বিজিবি) এর নাজিরাকোনা বিওপি ক্যাম্প।

আটক আশরাফুল ইসলাম মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের মৃত হযরত আলীর ছেলে।

আজ বৃহস্পতিবার (২৭ জুন) বিকাল সাড়ে তিনটার সময় আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৭ এর নিকট বাংলাদেশের ৫০০ গজ অভ্যন্তর থেকে এই আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আটক করেন তাকে বিজিবি সদস্যরা।

সোনাপুর ক্যাম্পের জুনিয়র কর্মকর্তা নায়েক সুবেদার জাকির হোসেন জানান, আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৭ এর নিকট বাংলাদেশ অভ্যন্তরে আগ্নেয়াস্ত্রসহ একজন অবস্থান করছেন এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। বিজিবির উপস্থিতি টের পেয়ে আশরাফুল ইসলাম পালানোর চেষ্টা কালে তাকে আটক করেন বিজিবি সদস্যরা। এসময় তার কাছ থেকে একটি পিস্তল, ২ রাউন্ড গুলি, এক বোতল বিদেশী মদ, একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। পরে অস্ত্র আইনে মামলা দিয়ে মুজিবনগর থানা পুলিশের হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত জানান, আগ্নেয়াস্ত্র ও গুলিসহ আশরাফুল ইসলামকে বিজিবির পক্ষ থেকে থানায় সোপর্দ করেছে। এ ঘটনায় আগেন্য়াস্ত্র আইনে বিজিবির পক্ষ থেকে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। আশরাফুল ইসলামকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে।

গাংনী ক্যাম্প র্যাব-১২র অভিযানে ৯৮ বোতল ফেন্সিডিলসহ আটক ১

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ গাংনী ক্যোম্পের মাদক বিরোধী অভিযানে ৯৮ বোতল ফেন্সিডিল সহ ১ মাদক কারবারেীকে গ্রেফতার করেছে।

আজ শুক্রবার (৭ জুন) ভোরের দিকে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানা প্রাগপুর ইউনিয়নের জামালপুর সাকিনস্থ এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত মোঃ আল আমিন মন্ডল (৩৯) কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার জামালপুর (ক্যাম্পপাড়া) গ্রামের মৃত খেড়ু মন্ডেলর ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এই গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় সে দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলার বিভিন্ন থানা এলাকায় মাদক দ্রব্য ক্রয়-বিক্রয় করে আসছিলো।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, মেহেরপুর কোম্পানীর একটি চৌকষ আভিযানিক দল “কুষ্টিয়া জেলার দৌলতপুর থানাধীন প্রাগপুর ইউনিয়নের জামালপুর সাকিনস্থ এলাকায়”একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ৯৮ বোতল ফেন্সিডিল সহ ১ মাদক কারবারীকে গ্রেফতার করি। যার আনুমানিক মূল্য ১,৯৬,০০০/- টাকা।

পরে গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য কুষ্টিয়া দৌলতপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।